## ২১ শে ফেব্রুয়ারি, ২০২৪ থেকে বিটিসিএল এর ইন্টারনেট ব্যান্ডউইডথ জিপন এর বিশেষ প্যাকেজ নির্ধারন ট্যারিফ কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

অদ্য ১৫/০২/২০৪ খ্রিঃ তারিখে বর্তমানে কার্যরত ট্যারিফ কমিটির একটি সভা কমিটির আহ্বায়ক ব্রিগেডিয়ার জেনারেল তামজিদুল হক চৌধুরী, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পরিচালক, এসআইবি ও পরিচালক, বিটিসিএল পরিচালনা পর্ষদ এর সভাপতিত্বে টেলিযোগাযোগ ভবনে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নলিখিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

| | |
|---|---|
| ১। | ব্রিগেডিয়ার জেনারেল তামজিদুল হক চৌধুরী, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পরিচালক, এসআইবি ও পরিচালক, বিটিসিএল পরিচালনা পর্ষদ- আহ্বায়ক |
| ২। | জনাব মোঃ আনোয়ার হোসেন, ব্যবস্থাপনা পরিচালক(অতিরিক্ত দায়িত্ব), বিটিসিএল- সদস্য |
| ৩। | জনাব মুঃ মাহ্মুদ হোসেন, এফসিএ, কাউন্সিল মেম্বার, ইনস্টিটিউট অফ চাটার্ড একাউন্ট্যান্স অব বাংলাদেশ ও পরিচালক, বিটিসিএল পরিচালনা পর্ষদ-সদস্য |
| ৪। | জনাব মো: জিয়াউল করিম, উপ-ব্যবস্থাপনা পরিচালক, সিস্টেম অপারেশন, বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন ঢাকা-সদস্য |
| ৫। | জনাব মো: আনছার আলী, উপ-ব্যবস্থাপনা পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন ঢাকা- সদস্য |
| ৬। | জনাব মো: গোলাম মোস্তফা, মূখ্য মহাব্যবস্থাপক, বিক্রয় ও বিপণন, বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন ঢাকা- সদস্য |
| ৭। | ড. মোঃ আনোয়ার হোসেন মাসুদ, মহাব্যবস্থাপক (প্রকল্প সমন্বয়), বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন ঢাকা |
| ৮। | জনাব সৈয়দ আব্দুল আজিজ, মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক), বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন ঢাকা- সদস্য |

সভায় ব্যবস্থাপনা পরিচালনা মাননীয় ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহ্মেদ পলক, এমপি মহোদয়ের অভিপ্রায় এবং আজকের সভার পটভূমি তুলে ধরেন। সভায় জানানো হয় যে, Tariff একটি চলমান প্রক্রিয়া এবং গ্রাহকের চাহিদা, মার্কেটে অবস্থা, অপরাপর সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের প্রদত্ত রেটের উপর ভিত্তি করে পুনঃনির্ধারণ করা প্রয়োজন। বর্তমান প্রেক্ষাপটে BTCL এর GPON সার্ভিসের চাহিদা বৃদ্ধি পাচ্ছে এবং উক্ত সার্ভিসকে গ্রাহকবান্ধব করার লক্ষ্যে মূল্য পুনঃনির্ধারণ করা হলে বর্ধিত গ্রাহক সংখ্যা দিয়ে মূল্যহ্রাসের কারণে যে রেভিনিউ কমবে তা পূরণ করা সম্ভব হবে। সভায় একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। সভাকে অভিহিত করা হয় যে মূলত 5 Mbps এর বর্তমান গ্রাহকগণ নতুন সুবিধার আওতায় 5 Mbps + 5 Mbps অর্থাৎ একই মূল্যমান 500 টাকায় 10 Mbps ব্যান্ডউইথ প্রাপ্ত হবেন। অপরদিকে 10 Mbps/ 15 Mbps/ 20 Mbps/ 25 Mbps/ 30 Mbps/ 40 Mbps/ 50 Mbps/ 60 Mbps/ 75 Mbps/ 100 Mbps এর মূল্যমান নিম্নরূপে নির্ধারণ করা হয়।

<table>
<tr><th>Bandwidth Package</th><th>Internet only Existing Rate</th><th>Upgraded/New Bandwidth Package</th><th>Internet only Upgraded/New Rate</th></tr>
<tr><td>5 Mbps</td><td>Tk. 500</td><td>5 Mbps + 5 Mbps</td><td>Tk. 500</td></tr>
<tr><td>10 Mbps</td><td>Tk. 800</td><td>10 Mbps + 5 Mbps</td><td>Tk. 800</td></tr>
<tr><td>15 Mbps</td><td>Tk. 1050</td><td rowspan="2">20 Mbps</td><td rowspan="2">Tk. 1050</td></tr>
<tr><td>20 Mbps</td><td>Tk. 1250</td></tr>
<tr><td>25 Mbps</td><td>Tk. 1450</td><td>25 Mbps</td><td>Tk. 1300</td></tr>
<tr><td>30 Mbps</td><td>Tk. 1650</td><td>30 Mbps</td><td>Tk. 1500</td></tr>
<tr><td>40 Mbps</td><td>Tk. 2050</td><td>40 Mbps</td><td>Tk. 2000</td></tr>
<tr><td>50 Mbps</td><td>Tk. 2450</td><td>50 Mbps</td><td>Tk. 2400</td></tr>
<tr><td>60 Mbps</td><td>Tk. 2800</td><td>60 Mbps</td><td>Tk. 2800</td></tr>
<tr><td>75 Mbps</td><td>Tk. 3325</td><td>75 Mbps</td><td>Tk. 3325</td></tr>
<tr><td>100 Mbps</td><td>Tk. 4200</td><td>100 Mbps</td><td>Tk. 4200</td></tr>
</table>

Note:

1. The rates are Inclusive of VAT.
2. Tk. 100 Will be added for Internet+Telephone Bundle package
3. All GPON services offer shared bandwidth.
4. Internet+Telephone Bundle package offers unlimited talktime for BTCL to BTCL call.
5. 15 Mbps Bandwidth Package will be upgraded to 15 Mbps + 5 Mbps Bandwidth Package.
6. 60 Mbps and higher packages will be gradually discontinued to encourage LLI Service.
7. This Package rate is applicable for limited time period.

আলোচনার এই পর্যায়ে কমিটির আহ্বায়ক ব্রিগেডিয়ার জেনারেল তামজিদুল হক চৌধুরী, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি,পরিচালক, এসআইবি ও পরিচালক, বিটিসিএল পরিচালনা পর্ষদ 5 Mbps এর প্যাকেজের উপর গুরুত্বারোপ করেন এবং তা Tk. 399 এ নির্ধারণের উপর মতামত ব্যক্ত করেন। কমিটির সদস্য জনাব মুঃ মাহ্‌মুদ হোসেন, এফসিএ, কাউন্সিল মেম্বার, ইনস্টিটিউট অফ চাটার্ড একাউন্ট্যান্স অব বাংলাদেশ ও পরিচালক, বিটিসিএল পরিচালনা পর্ষদ প্যাকেজ সমূহের মধ্যে সামঞ্জস্য রাখার উপর গুরুত্ব আরোপ করেন। বিস্তারিত আলোচনা শেষে কমিটি নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

১) 5 Mbps এর একটি নতুন প্যাকেজ চালু করা হবে যার প্যাকেজ মূল্য হবে Tk. 399।

২) অন্যান্য প্যাকেজসমূহের ব্যাপারে সিদ্ধান্তসমূহ নিম্নরূপ।

২.১) 5 Mbps এর বর্তমান প্যাকেজটি 5 Mbps + 5 Mbps এর প্যাকেজে আপগ্রেড করা হবে যার মূল্য হবে Tk. 500।

২.২) 10 Mbps এর বর্তমান প্যাকেজটি 10 Mbps + 5 Mbps এর প্যাকেজে আপগ্রেড করা হবে যার মূল্য হবে Tk. 800।

২.৩) 15 Mbps এর বর্তমান প্যাকেজটি 15 Mbps + 5 Mbps এর প্যাকেজে আপগ্রেড করা হবে যার মূল্য হবে Tk. 1050।

২.৪) 20 Mbps এর বর্তমান প্যাকেজটির নতুন মূল্য হবে Tk. 1050।

২.৫) 25 Mbps এর বর্তমান প্যাকেজটির নতুন মূল্য হবে Tk. 1300।

২.৬) 30 Mbps এর বর্তমান প্যাকেজটির নতুন মূল্য হবে Tk. 1500।

২.৭) 40 Mbps এর বর্তমান প্যাকেজটির নতুন মূল্য হবে Tk. 2000।

২.৮) 50 Mbps এর বর্তমান প্যাকেজটির নতুন মূল্য হবে Tk. 2400।

২.৯) 60 Mbps, 75 Mbps, 100 Mbps প্যাকেজসমূহের মূল্য অপরিবর্তিত থাকবে।

৩) অনুচ্ছেদ ২ এ উল্লেখিত সিদ্ধান্ত অনুযায়ী প্যাকেজসমূহের রেট পুনঃনির্ধারণ করে নিম্ন লিখিত ছক আকারে দেখানো হলো।

| Bandwidth Package | Internet only Existing Rate | Upgraded/New Bandwidth Package | Internet only Upgraded/New Rate |
|---|---|---|---|
| 5 Mbps | Tk. 500 | 5 Mbps | Tk. 399 |
| | | 5 Mbps + 5 Mbps | Tk. 500 |
| 10 Mbps | Tk. 800 | 10 Mbps + 5 Mbps | Tk. 800 |
| 15 Mbps | Tk. 1050 | 20 Mbps | Tk. 1050 |
| 20 Mbps | Tk. 1250 | | |
| 25 Mbps | Tk. 1450 | 25 Mbps | Tk. 1300 |
| 30 Mbps | Tk. 1650 | 30 Mbps | Tk. 1500 |
| 40 Mbps | Tk. 2050 | 40 Mbps | Tk. 2000 |
| 50 Mbps | Tk. 2450 | 50 Mbps | Tk. 2400 |
| 60 Mbps | Tk. 2800 | 60 Mbps | Tk. 2800 |
| 75 Mbps | Tk. 3325 | 75 Mbps | Tk. 3325 |
| 100 Mbps | Tk. 4200 | 100 Mbps | Tk. 4200 |

৩.১) রেটসমূহ ভ্যাটসহ।

৩.২) Internet+Telephone Bundle package এর জন্য অতিরিক্ত Tk. 100 যোগ করা হবে।

৩.৩) সকল জিপন সেবা shared bandwidth প্রদান করে।

৩.৪) Internet+Telephone Bundle package এ বিটিসিএল থেকে বিটিসিএল আনলিমিটেড কল করা যাবে।

৪) প্রস্তাবিত আপগ্রেডেশন ও গ্রাহকের বর্ধিষ্ণু চাহিদার কারণে নতুন করে বিদেশ হতে Bandwidth সংগ্রহের প্রয়োজন হবে। কমিটির সদস্যগণ আপাততঃ 50 Gbps Bandwidth অনতিবিলম্বে সংগ্রহের জন্য একমত হন।

৫) এই অফার সীমিত সময়ের জন্য প্রযোজ্য হবে।

৬) উক্ত সময়ের জন্য প্রয়োজনীয় বিলিং পরিবর্তনের বিষয়ে সংশ্লিষ্ট শাখায় পত্র প্রদান করতে হবে।

৭) LLI সংযোগ উৎসাহিত করার জন্য এবং জিপন ব্যান্ডউইথের রিসেল প্রবণতা নিরুৎসাহিত করার জন্য 60 Mbps এবং তদুর্ধ প্যাকেজসমূহ নতুনভাবে সংযোগ দেওয়া হবেনা।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২৮/২/২৪

জনাব সৈয়দ আব্দুল আজিজ
মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক), বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন ঢাকা- সদস্য

২৮/২/২০২৪

ড. মোঃ আনোয়ার হোসেন মাসুদ
মহাব্যবস্থাপক (প্রকল্প সমন্বয়), বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন ঢাকা

২৮/২/২৪

জনাব মো: গোলাম মোস্তফা
মুখ্য মহাব্যবস্থাপক, বিক্রয় ও বিপণন, বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন ঢাকা- সদস্য

২৮/০২/২০২৪

জনাব মো: আনছার আলী
উপ-ব্যবস্থাপনা পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন ঢাকা- সদস্য

২৮/02/2024

জনাব মো: জিয়াউল করিম
উপ-ব্যবস্থাপনা পরিচালক, সিস্টেম অপারেশন, বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন ঢাকা- সদস্য

জনাব মুঃ মাহ্মুদ হোসেন,এফসিএ
কাউন্সিল মেম্বার, ইনস্টিটিউট অফ চাটার্ড একাউন্ট্যান্স অব বাংলাদেশ ও পরিচালক, বিটিসিএল পরিচালনা পর্ষদ-সদস্য

২৮/০২/২০২৪

জনাব মোঃ আনোয়ার হোসেন
ব্যবস্থাপনা পরিচালক(অতিরিক্ত দায়িত্ব), বিটিসিএল- সদস্য

ব্রিগেডিয়ার জেনারেল তামজিদুল হক চৌধুরী, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
পরিচালক, এসআইবি ও পরিচালক, বিটিসিএল পরিচালনা পর্ষদ-আহ্বায়ক